


প্রেস বিজ্ঞপ্তি

৪৬৯ তম কমিশন সভা অদ্য ১৯/০২/২০১৩ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

- সভায় ICB AMCL Sonali Bank Limited 1st Mutual Fund নামক মেয়াদী (Closed-end) মিউচুয়াল ফান্ড এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। মিউচুয়াল ফান্ডটির আকার হচ্ছে ১০০ কোটি টাকা এবং ফান্ডটির অভিজিত মূল্য ১০ টাকা। সাধারণ বিনিয়োগকারীদের জন্য ৫০ কোটি টাকা মূল্যমানের ফান্ড বরাদ্দ রাখা হয়েছে যা প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে উত্তোলন করা হবে। উল্লেখ্য IPO এর ৫০ কোটি টাকার মধ্যে নিবাসী বাংলাদেশীর জন্য ৪০ কোটি টাকা (ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র বিনিয়োগকারীগণের ২০% কোটাসহ), অনিবাসী বাংলাদেশীদের জন্য ৫ কোটি টাকা এবং মিউচুয়াল ফান্ডগুলির জন্য ৫ কোটি টাকার কোটা বরাদ্দ রয়েছে। সম্পদ ব্যবস্থাপক এর দায়িত্বে নিয়োজিত রয়েছে ICB Asset Management Company Ltd.।
- এছাড়াও কমিশন আজকের সভায় কতিপয় স্টক ডিলার/স্টক ব্রোকারদের আবেদন এবং ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর সুপারিশ এর প্রেক্ষিতে :
 - স্টক ডিলারদের ডিলার হিসাবে (Dealer Account) ধারণকৃত শেয়ারের পুনঃমূল্যায়নজনিত অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন (Provision) ডিসেম্বর ২০১২ ইং হতে ডিসেম্বর ২০১৩ ইং পর্যন্ত (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) ৫টি ত্রৈমাসিক সমান অংশে (২০%) সংরক্ষণের ঐচ্ছিক সুবিধা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে; এবং
 - স্টক ব্রোকার কর্তৃক গ্রাহকদের অনুকূলে বন্টনকৃত মার্জিন ঋণের মাধ্যমে ক্রয়কৃত শেয়ারের পুনঃমূল্যায়নজনিত অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন (Provision) ডিসেম্বর ২০১২ ইং হতে ডিসেম্বর ২০১৩ ইং পর্যন্ত (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) ৫টি ত্রৈমাসিক সমান অংশে (২০%) সংরক্ষণের ঐচ্ছিক সুবিধা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

তবে এই সকল সুবিধা কেবলমাত্র ৩১ শে ডিসেম্বর ২০১২ ইং তারিখে সমাপ্ত বৎসরে (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) উদ্ভূত পুনঃমূল্যায়নজনিত ক্ষতির (অনাদায়কৃত) প্রভিশনের জন্য প্রযোজ্য হবে। তৎপরবর্তী সময়ে রক্ষিতব্য প্রভিশন (যদি থাকে) যথানিয়মে সংরক্ষণ করতে হবে এবং উপরোক্ত সুযোগসমূহ গ্রহণ করার ফলে উক্ত আর্থিক বৎসরের জন্য কোন ধরনের নগদ লভ্যাংশ (cash dividend) প্রদান করা যাবে না।

উল্লেখ্য যে “খ” এ বর্ণিত সিদ্ধান্তটি মার্চেন্ট ব্যাংকসমূহ কর্তৃক গ্রাহকদের অনুকূলে বন্টনকৃত মার্জিন ঋণের ক্ষেত্রেও একইভাবে প্রযোজ্য হবে। এ সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা অবিলম্বে জারী করারও সিদ্ধান্ত গৃহীত হয়।


১৯/০২/২০১৩
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র